



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www.sylhetboard.gov.bd
e-mail: chairmanbisaysyl@gmail.com

স্মারক নং: ৩৭.১৪.৯১০০.৩০০.৫২.০০১.২০-১২৭৭

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩২
১৭ জুন ২০২৬

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের (২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট হস্তান্তর করা হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাঁর কেন্দ্রের অধীন প্রতিষ্ঠানসমূহে তা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলার নাম ও কেন্দ্র সমূহ	রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ
হবিগঞ্জ জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০০ থেকে ১০৪ কেন্দ্র	২১-০৬-২০২৬ খ্রি.
মৌলভীবাজার জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০৫ থেকে ১০৮ কেন্দ্র	২২-০৬-২০২৬ খ্রি.
সুনামগঞ্জ জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০৯ থেকে ১১৩ কেন্দ্র	২৩-০৬-২০২৬ খ্রি.
সিলেট জেলার অবশিষ্ট কেন্দ্র সমূহ	২৪-০৬-২০২৬ খ্রি.

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নিধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।
২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুলত্রুটি থাকলে প্রয়োজনীয় প্রমাণকসহ যথাযথভাবে আবেদন আগামী ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।
৩. অন্য শিক্ষা বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর পূর্বতন বোর্ড কর্তৃক ইস্যুকৃত রেজি: কার্ড অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।
৪. ভর্তি বাতিলকৃত কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তা আগামী ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। কোনো ভাবেই ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না।
৫. শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম সংশোধনের ক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ে সংশোধনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত ফরমে ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৭-০৬-২০২৬

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ভুক্ত সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো-

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।